**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 27-02-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু বলেছেন, ভারতের সংবিধান দেশের প্রতিটি নাগরিকের জন্য ন্যায় সমতা এবং স্বাধীনতা নিশ্চিত করে।**
**(২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, নৈতিকতা, স্বচ্ছতা ও জবাবদিহিতার ভিত মজবুত হলেই গণতন্ত্র বিকশিত হয়।**
**(৩) রাজ্য নির্বাচন কমিশন আসন্ন এডিসি নির্বাচনের জন্য ২৮টি নির্বাচনী ক্ষেত্রের খসড়া ভোটার তালিকা আজ প্রকাশ করেছে।**
**(৪) সড়ক দুর্ঘটনাগ্রস্ত ব্যক্তিদের নগদহীন দেড় লক্ষ টাকা চিকিৎসার সুবিধা প্রদানের জন্য প্রধানমন্ত্রী রাহাত প্রকল্প আজ থেকে রাজ্যে কার্যকর হয়েছে।**
**(৫) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন যে সরকারের প্রক্রিয়া সরলীকরণ, ব্যবসা করার সহজতা উন্নত করা এবং প্রযুক্তি-নেতৃত্বাধীন প্রশাসন সম্প্রসারণের মাধ্যমে দেশ সংস্কার এক্সপ্রেসে যাত্রা করছে।**

*********************************************

**CPA Seminar :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু বলেছেন, ভারতের সংবিধান কেবল একটি আইনি পাঠ্য নয়, এটি একটি পথপ্রদর্শক, যা দেশের প্রতিটি নাগরিকের জন্য ন্যায় সমতা এবং স্বাধীনতা নিশ্চিত করে। আজ আগরতলার প্রজ্ঞা ভবনে সমস্ত অংশের মানুষের প্রতি জনপ্রতিনিধিদের দায়িত্ব ও জবাবদিহিতা- শীর্ষক সেমিনার ও কর্মশালার উদ্বোধন করে তিনি একথা বলেন। তিনি বলেন, জনপ্রতিনিধিদের প্রথম এবং প্রধান দায়িত্ব হচ্ছে জনগণের প্রতি কর্তব্য পালন করা, সংবিধানে উল্লেখিত ন্যায় অধিকার প্রতিটি নাগরিককে প্রদান করা। সমাজের কৃষক, জনজাতি সম্প্রদায়ের

জনগণ, মহিলা, যুবক, প্রত্যেকের ক্ষমতায়নের জন্য জনপ্রতিনিধিদের সচেষ্ট থাকতে হবে। রাজ্যপাল বলেন, জনপ্রতিনিধিদের নির্দিষ্ট নির্বাচনী এলাকার বাইরেও রাজ্য এবং জনগণের প্রতি দায়িত্ব রয়েছে। উন্নয়নের সুফল সমাজের অন্তিম ব্যক্তির নিকট পৌঁছানো নিশ্চিত করাও জনপ্রতিনিধিদের গুরুদায়িত্ব।

######Byte-Governor#######

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, জনগণের সম্মান রক্ষা, ব্যক্তিগত আচরণে শালীনতা বজায় রাখা, সমস্যায় মানুষের পাশে থাকা এবং কাজের প্রতি পূর্ণ জবাবদিহিতা নিশ্চিত করাই একজন জনপ্রতিনিধির প্রকৃত পরিচয়। জবাবদিহিতাই গণতন্ত্রের অন্যতম ভিত্তি। তিনি বলেন, গণতন্ত্রকে আরও স্বচ্ছ, শক্তিশালী ও জনমুখী করে তোলা, জনগণের আস্থা অর্জন করা এবং সেই আস্থার মর্যাদা রক্ষা করাই একজন জনপ্রতিনিধির সর্বোচ্চ অঙ্গীকার।

মুখ্যমন্ত্রী আরো বলেন, নৈতিকতা, স্বচ্ছতা ও জবাবদিহিতার ভিত মজবুত হলেই গণতন্ত্র বিকশিত হয়। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির দূরদর্শী নেতৃত্বে আজ বিশ্বমঞ্চে ভারতের মর্যাদা ও গৌরব বহুগুণে বৃদ্ধি পেয়েছে। তিনি বলেন, জনপ্রতিনিধিদের কাজ শুধুমাত্র নির্বাচনের সময় মানুষের কাছে যাওয়া নয়। সারা বছর মানুষের পাশে থাকা, তাঁদের সমস্যা শোনা ও দ্রুত সমাধানের উদ্যোগ নেওয়াই প্রকৃত জনসেবা। মুখ্যমন্ত্রী কমনওয়েলথ পার্লামেন্টারি অ্যাসোসিয়েশনের (সি.পি.এ.) কার্যপ্রণালী ও উদ্দেশ্য তুলে ধরেন।

অনুষ্ঠানে রাজ্যসভার ডেপুটি চেয়ারম্যান হরিবংশ নারায়ণ সিং বলেন, কমনওয়েলথ পার্লামেন্টারী এসোসিয়েশনের মূল কাজ হলো জনপ্রতিনিধিদের দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছ শাসনব্যবস্থা পরিচালনার মাধ্যমে গণতন্ত্রকে শক্তিশালী করে তোলা এবং আঞ্চলিক সহযোগিতার মাধ্যমে সক্ষমতা বৃদ্ধি করা। তিনি বলেন, ত্রিপুরায় ১৯টি জনজাতি সম্প্রদায়ের মেলবন্ধনে একটি মিশ্র সমৃদ্ধ সংস্কৃতির বিকাশ ঘটেছে। প্রাকৃতিক সম্পদ, ঐতিহ্যবাহী সভ্যতা এবং সমাজের প্রান্তিকস্তরের উন্নতিসাধন ইত্যাদি সব মিলিয়ে ত্রিপুরা দেশের মধ্যে

বর্তমানে এক আলোচিত অধ্যায়। অনুষ্ঠানে ভার্চুয়ালভাবে বক্তব্য রাখেন সাংসদ বিপ্লব কুমার দেব, স্বাগত ভাষন দেন রাজ্য বিধানসভার মুখ্যসচেতক কল্যাণী সাহা রায়।

*****************************

**TTAADC-Polling Station :**

রাজ্য নির্বাচন কমিশন আসন্ন এডিসি নির্বাচনের জন্য ২৮টি নির্বাচনী ক্ষেত্রের খসড়া ভোটার তালিকা আজ প্রকাশ করেছে। আজ থেকেই খসড়া ভোটার তালিকার উপর দাবি ও আপত্তি গ্রহনের কাজ শুরু হয়েছে। এই কাজ চলবে আগামী ৬ই মার্চ পর্যন্ত। দাবি ও আপত্তি সমূহের নিষ্পত্তির কাজ শেষ হবে ১০ই মার্চ। এডিসি নির্বাচনের জন্য চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করা হবে আগামী ১৩ই মার্চ। এডিসি'র ২৮টি আসনে খসড়া ভোটার তালিকায় মোট ভোটার রয়েছেন ৯ লক্ষ ৬৬ হাজার ৬২ জন। এরমধ্যে পুরুষ ভোটার ৪ লক্ষ ৮৩ হাজার ৯৯৮, মহিলা ভোটার ৪ লক্ষ ৮২ হাজার ৫৯ জন। তৃতীয় লিঙ্গের ভোটার রয়েছেন ৫ জন। ২৮টি আসনের মধ্যে সবচেয়ে বেশি ভোটার রয়েছেন কাঞ্চনপুর মহকুমার দামছড়া-জম্পুই উপজাতি সংরক্ষিত আসন। এই আসনে মোট ভোটার ৪৯ হাজার ২৫০ জন। সবচেয়ে কম ভোটার রয়েছে জম্পুইজলা মহকুমার টাকারজলা-জম্পুইজলা উপজাতি সংরক্ষিত আসনে। এই আসনে মোট ভোটার সংখ্যা ২১ হাজার ৫৫৪ জন।

খসড়া ভোটার তালিকা প্রকাশ উপলক্ষ্যে আজ কুমারঘাট SDM এর পৌরহিত্যে বিভিন্ন স্বীকৃত রাজনৈতিক দলের প্রতিনিধিদের নিয়ে এক সর্বদলীয় বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে BJP, কংগ্রেস, C.P.I(M), ফরোয়ার্ড ব্লক, C.P.I এবং তিপরা মথা দলের প্রতিনিধিরা অংশ নেন।

**************************

**PM-RAHAT SCHEME :**

সড়ক দুর্ঘটনাগ্রস্ত ব্যক্তিদের নগদহীন দেড় লক্ষ টাকা চিকিৎসার সুবিধা প্রদানের জন্য "প্রধানমন্ত্রী রাহাত প্রকল্প" আজ থেকে রাজ্যে কার্যকর হয়েছে। পরিবহন মন্ত্রী সুশান্ত চৌধুরী আজ সচিবালয়ে সাংবাদিক সম্মেলনে এখবর জানান। তিনি জানান, এ প্রকল্প অনুযায়ী সড়ক দুর্ঘটনায় আহতদের জন্য দুর্ঘটনার দিন থেকে সর্বোচ্চ সাত দিনের মধ্যে রাজ্যের অনুমোদিত সরকারি ও বেসরকারি ১৪১টি হাসপাতালে এই সুবিধা পাওয়া যাবে।

*************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

************************

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন যে সরকারের প্রক্রিয়া সরলীকরণ, ব্যবসা করার সহজতা উন্নত করা এবং প্রযুক্তি-নেতৃত্বাধীন প্রশাসন সম্প্রসারণের মাধ্যমে দেশ সংস্কার এক্সপ্রেসে যাত্রা করছে। তিনি বলেন যে কেবল নীতিগত উদ্দেশ্যের মধ্যেই সীমাবদ্ধ থাকা উচিত নয়, বরং এই গতি বজায় রাখার জন্য উৎকর্ষতা প্রদানের উপরও জোর দেওয়া উচিত। আজ

ভিডিও কনফারেন্সিংয়ের মাধ্যমে "বিকশিত ভারতের জন্য প্রযুক্তি, সংস্কার এবং অর্থায়ন" শীর্ষক একটি বাজেট-পরবর্তী ওয়েবিনারে ভাষণ দিতে গিয়ে শ্রী মোদী একথা বলেন।

######Byte-PM 1 ######

প্রধানমন্ত্রী কৃত্রিম বুদ্ধিমত্তা, ব্লকচেইন এবং ডেটা অ্যানালিটিক্সের ব্যাপক ব্যবহারের মাধ্যমে স্বচ্ছতা, গতি এবং জবাবদিহিতা বৃদ্ধির উপর জোর দেন। প্রধানমন্ত্রী বলেন, গত দশক ধরে সরকার পরিকাঠামোর উপর ব্যাপক মনোযোগ দিয়েছে। তিনি বলেন, সরকার ভেবেচিন্তে এই সিদ্ধান্ত নিয়েছে যে, ভারতের উন্নয়ন কেবলমাত্র মহাসড়ক, রেলপথ, বন্দর, ডিজিটাল নেটওয়ার্ক, বিদ্যুৎ ব্যবস্থার মতো শক্তিশালী সম্পদ প্রস্তুত করার মাধ্যমেই ঘটবে। তিনি উল্লেখ করেন যে ১১ বছর আগে এই খাতে বাজেটে মাত্র দুই লক্ষ কোটি টাকা বরাদ্দ করা হয়েছিল কিন্তু সর্বশেষ কেন্দ্রীয় বাজেটে তা ১২ লক্ষ কোটি টাকা ছাড়িয়ে গেছে।

######Byte-PM 2######

******************************

**Central Minister :**

কেন্দ্রীয় বিদ্যুৎ, নতুন ও নবায়নযোগ্য জ্বালানি প্রতিমন্ত্রী শ্রীপাদ নায়েক বলেছেন, ২০৪৭-এ বিকশিত ভারতের লক্ষ্যকে সামনে রেখে উন্নয়নমূলক কাজের নিরিখে গোমতি জেলর বেশ এগিয়ে আছে। আজ উদয়পুর সার্কিট হাউজে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন ফ্ল্যাগশিপ প্রকল্প পর্যালোচনা বৈঠকের আকাশবাণীর জেলা প্রতিনিধি শ্যামসুন্দর দত্তকে একথা জানান। তিনি গোমতি জেলায় উন্নয়নমূলক প্রকল্প বাস্তবায়নে জেলা শাসক রিঙ্কু লাথেরর ভূমিকায় সন্তোষ প্রকাশ করেন। পর্যালোচনা বৈঠকে জেলাশাসক শ্রী লাথের অতিরিক্ত জেলা পুলিশ সুপার ঋষভ সহ জেলার সমস্ত দপ্তরের অধিকারিকগণ উপস্থিত ছিলেন। মন্ত্রী শ্রী নায়েক আজ গোমতী জেলা হাসপাতাল পরিদর্শন করে রোগী ও হাসপাতাল কর্তৃপক্ষের সঙ্গে মত বিনিময়

করেন। তিনি জেলা শাসক অফিসে একটি সোলার প্ল্যান্টের উদ্বোধন করেন ও গোমতী জেলার জওহর নবোদয় বিদ্যালয়টিও পরিদর্শন করেন।

দু'দিনের গোমতী জেলা সফরে গিয়ে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী শ্রী নায়েক গতকাল মাতা ত্রিপুরেশ্বরী মন্দির পরিদর্শন করেন। প্রসাদ প্রকল্প সম্পর্কে অবহিত হন। তিনি ১নং ফুলকুমারীর অঙ্গনওয়াড়ি কেন্দ্র, মাতাবাড়ি গ্রাম পঞ্চায়েতের অধীনে মাতাবাড়ি সি.এল.এফ এবং পেড়া তৈরির ইউনিট, দক্ষিণ মাতাবাড়ি গ্রাম পঞ্চায়েতের আগরবাতি তৈরির ইউনিট ও পিএম-কুসুম সুবিধাভোগীদের সঙ্গে মত বিনিময় করেন। তাছাড়া তিনি কিল্লা এডিসি ভিলেজের লুথুর পাড়ায় DWC JJM স্কিমের অধীনে মাইক্রোগ্রিড SPV পাওয়ার প্ল্যান্ট, সোলার পাম্প এবং উত্তর বড় মুড়া ভিলেজের ছোটঘোংরাই পাড়ায় মাইক্রোগ্রিড SPV পাওয়ার প্ল্যান্ট ও ছবিমুড়া এলাকা পরিদর্শন করেন।

**************************

**Dr. Braja Gopal Roy :**

ত্রিপুরা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে আজ ডঃ ব্রজ গোপাল রায় স্মারক বক্তৃতা ২০২৫ ও স্মৃতি সাহিত্য পুরস্কার ২০২৫ প্রদান করা হয়। অনুষ্ঠানের স্মারক বক্তা শিলচর গুরুচরণ কলেজের বাংলা বিভাগের অবসরপ্রাপ্ত অধ্যাপক অমলেন্দু ভট্টাচার্য ও বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের ছাত্রী পূর্ণিমা শীলকে ডক্টর ব্রজ গোপাল রায় স্মৃতি সাহিত্য পুরস্কার প্রদান করা হয়। পুরস্কৃত করা হয় ককবরক সাহিত্যের লেখক ও অনুবাদক রবীন্দ্র কিশোর দেববর্মাকে। উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত উপাচার্য শ্যামল দাস, অধ্যাপক মিহির দেব, কবি রামেশ্বর ভট্টাচার্য, বিশিষ্ট নাট্য ব্যক্তিত্ব ও নাট্যকার শেখরেশ দেব রায় প্রমুখ।

**************************

**Congress-Press Meet :**

রাজ্য সরকার, এডিসি, পুরনিগম, পুরপরিষদ ও নগর পঞ্চায়েতগুলিকে গত আট বছরের কাজ নিয়ে শ্বেতপত্র প্রকাশের দাবি জানিয়েছে প্রদেশ কংগ্রেস।

আজ আগরতলায় এক সাংবাদিক সম্মেলনে প্রদেশ কংগ্রেসের মুখপাত্র প্রবীর চক্রবর্তী এখবর জানান।

******************************

**Weather :**

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩১.৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৭ ডিগ্রি সেলসিয়াস। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৭ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে।

**************************